গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
নেজারত শাখা
www.sylhet.gov.bd

**শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মজিবর রহমান<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ০৬ ফেব্রুয়ারি ২০২২ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই বীর শহিদদের আত্মার মাগফিরাত কামনা এবং মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব ও তাৎপর্য বর্ণনা করা হয়। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদার সাথে সিলেট জেলায় উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় রেখে সিলেট জেলার কর্মসূচি প্রণয়ন এবং তা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়।

২। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০ জানুয়ারি ২০২২ তারিখের ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৭৬.২১.৪৪ নম্বর স্মারকে প্রাপ্ত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট। অতঃপর জাতীয় কর্মসূচির আলোকে উপস্থিত সকলের মতামত/পরামর্শের ভিত্তিতে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ০১ ফেব্রুয়ারি ২০২২ সকাল ১১.০০ ঘটিকা | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভাষার মাস বরণে বর্ণমালার মিছিল | কেন্দ্রীয় শহিদ মিনার হতে আশেপাশের প্রধান সড়ক প্রদক্ষিণ | সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |
| ২ | ১৫ ফেব্রুয়ারি ২০২২ সুবিধাজনক সময়ে | ভাষার গান ও শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা | জেলা শিল্পকলা একাডেমি, সিলেট | জেলা কালচারাল অফিসার, সিলেট |
| | ১৭ ফেব্রুয়ারি ২০২২ | শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা | জেলা শিশু একাডেমি, সিলেট | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ৩ | ১৯ ফেব্রুয়ারি ২০২২ | নির্ধারিত ছড়া/কবিতা আবৃত্তি প্রতিযোগিতা | জেলা শিশু একাডেমি, সিলেট | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ৪ | ২০ ও ২১ ফেব্রুয়ারি ২০২২ | ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনী | নগরীর ক্বীন ব্রীজ সংলগ্ন জনবহুল স্থান ও সিলেট রেলওয়ে স্টেশনের বিলবোর্ড | পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট |
| ৫ | ২১ ফেব্রুয়ারি ২০২২ রাত ১২:০১ ঘটিকা | যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে পুষ্পস্তবক অর্পণ | ১। কেন্দ্রীয় শহিদ মিনার, সিলেট<br>২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ম্যুরাল, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ১) জেলা প্রশাসন, সিলেট<br>২) এসএমপি, সিলেট<br>৩) সিলেট সিটি কর্পোরেশন<br>৪) সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৬ | ২১ ফেব্রুয়ারি ২০২২ সূর্যোদয়ের সাথে সাথে | প্রভাতফেরী | সারদা হলের সম্মুখ হতে কেন্দ্রীয় শহিদ মিনার পর্যন্ত | সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |
| ৭ | ২১ ফেব্রুয়ারি ২০২২ সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সকল শিক্ষা প্রতিষ্ঠান/মাদ্রাসা ও বেসরকারি ভবনসমূহে | স্ব স্ব কর্তৃপক্ষ এবং ভবনের মালিকগণ |
| ৮ | ২১ ফেব্রুয়ারি ২০২২ বাদ জোহরের পূর্বে | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভা শেষে দোয়া-মাহফিল | কালেক্টরেট জামে মসজিদ, সিলেট | ১) জেলা প্রশাসন, সিলেট<br>২) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |
| ৯ | ২১ ফেব্রুয়ারি ২০২২ বাদ যোহর/ সুবিধামত সময় | শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল ও বিশেষ প্রার্থনা | সকল মসজিদ, মন্দির, গির্জা ও প্যাগোডাসহ অন্যান্য উপাসনালয় | সংশ্লিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠান/উপাসনালয় কর্তৃপক্ষ |
| ১০ | ২১ ফেব্রুয়ারি ২০২২ | শিশু-কিশোর, শিক্ষার্থী, বৃদ্ধ ও Autistic Children-দের বিনা টিকেটে জাদুঘর, পার্ক ভ্রমণের ব্যবস্থা করা | ওসমানী শিশু পার্ক, ওসমানী জাদুঘর ও কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদ | ১) সিলেট সিটি কর্পোরেশন<br>২) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ১১ | ২১ ফেব্রুয়ারি ২০২২ সকাল ১০.০০ ঘটিকা | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও অভিভাবকগণের অংশগ্রহণে আালোচনা সভা ও পুরস্কার বিতরণ | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, সিলেট | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ১২ | ২১ ফেব্রুয়ারি ২০২২ সকাল ১১.৩০ ঘটিকা | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও অভিভাবকগণের অংশগ্রহণে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ | জেলা শিল্পকলা একাডেমি, সিলেট | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট<br>২) নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট<br>৩) জেলা কালচারাল অফিসার, সিলেট<br>৪) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ১৩ | ২১ ফেব্রুয়ারি ২০২২ | বিশেষ অনুষ্ঠানমালা প্রচার | বাংলাদেশ বেতার, স্থানীয় টিভি এবং জেলার সকল দৈনিক ও সাপ্তাহিক পত্রিকাসমূহ | ১) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট<br>২) পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট<br>৩) সভাপতি/সম্পাদক, সিলেট জেলা প্রেস ক্লাব/ সিলেট প্রেস ক্লাব/ অনলাইন প্রেস ক্লাব/ ইমজা, সিলেট<br>৪) সম্পাদক, সকল পত্রিকা, সিলেট<br>৫) ব্যবস্থাপক, সিলটিভি |

৩। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সকল কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | একুশের মিছিল না হওয়ার কারণ | কোভিড-১৯ পরিস্থিতির কারণে ২০২২ সালে একুশের মিছিল করা হয়নি। কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে আগামিতে একুশের মিছিল যথারীতি অনুষ্ঠিত হবে। | |
| ২ | জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন, অর্ধনমিতকরণ ও নামানোর বিষয়টি বহুল প্রচার | ১। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম (বাংলাদেশ পতাকা বিধিমালা, ১৯৭২) অনুসরণ করতে হবে। পতাকার সঠিক মাপ ও উত্তোলনের নিয়ম সম্পর্কে সকলকে সচেতন করার লক্ষ্যে বিষয়টি বহুল প্রচার করতে হবে।<br>২। যথাযথ নিয়মে জাতীয় পতাকা উত্তোলন, অর্ধনমিতকরণ ও নামানোর বিষয়ে জেলা প্রশাসন, সিলেট হতে গণবিজ্ঞপ্তি ও লিফলেট প্রস্তুতপূর্বক বহুল প্রচারের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিতরণ করতে হবে।<br>৩। জেলা ও উপজেলা পর্যায়ে সকল গণমাধ্যম ও পত্রিকায়, অনলাইন মাধ্যম, এসসিএস ও সিল টিভিতে বহুল প্রচার করতে হবে।<br>৪। শহরের গুরুত্বপূর্ণ ও জনবহুল স্থানে লিফলেট টাঙ্গানো/ সাঁটাতে হবে। | ১) জেলা প্রশাসন, সিলেট<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>৩) স্ব স্ব প্রতিষ্ঠান<br>৪) বাংলাদেশ বেতার, সিলেট<br>৫) জেলা তথ্য অফিস, সিলেট<br>৬) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেস ক্লাব/জেলা প্রেসক্লাব, সিলেট/অনলাইন প্রেস ক্লাব/ইমজা, সিলেট<br>৭) এসসিএস, সিলেট<br>৮) সিল টিভি, সিলেট |
| ৩ | সার্বিক নিরাপত্তা প্রদান | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ এর সকল কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল ভেন্যুতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনপূর্বক সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | ১) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>২) পুলিশ সুপার, সিলেট<br>৩) অধিনায়ক, র‌্যাব-৯ |
| ৪ | পুষ্পস্তবক অর্পণ | ১। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে কেন্দ্রীয় শহিদ মিনারে আগত বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠনের পক্ষ হতে সর্বোচ্চ ৫ জন এবং ব্যক্তি পর্যায়ে একসাথে সর্বোচ্চ ২ জন যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কেন্দ্রীয় শহিদ মিনারের প্রবেশপথ দিয়ে প্রবেশ করে পুষ্পস্তবক অর্পণ শেষে কেন্দ্রীয় শহিদ মিনারের বাহির হওয়ার পথ দিয়ে শহিদ মিনার ত্যাগ করবেন।<br>২। শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের পুষ্পমাল্য প্লাস্টিকের ফুল না দিয়ে কাঁচা ফুল দিয়ে তৈরি করতে হবে। | ১) জেলা প্রশাসন, সিলেট<br>২) এসএমপি, সিলেট<br>৩) পুলিশ সুপার, সিলেট<br>৪) সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |
| ৫ | কেন্দ্রীয় শহিদ মিনারে হাত ধোয়ার বেসিন স্থাপন, জীবাণুনাশক স্প্রে বা লিকুইড ও সাবান রাখা এবং পর্যাপ্ত পরিমাণ মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ | ১। পুষ্পস্তবক অর্পণের জন্য কেন্দ্রীয় শহিদ মিনারে আগতদের স্বাস্থ্যগত সুরক্ষা নিশ্চিতকল্পে কেন্দ্রীয় শহিদ মিনারের প্রবেশ মুখে হাত ধোয়ার বেসিন স্থাপন, জীবাণুনাশক স্প্রে বা লিকুইড ও সাবান রাখতে হবে।<br>২। শহিদ মিনার প্রাঙ্গন ও জেলা প্রশাসকের কার্যালয়ের প্রবেশমুখে পর্যাপ্ত সংখ্যক মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করবেন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, | ১) সিলেট সিটি কর্পোরেশন, সিলেট<br>২) জেলা পরিষদ, সিলেট<br>৩) সম্পাদক, বাংলাদেশ বাংলাদেশ স্কাউট, সিলেট জেলা/মেট্রো<br>৪) সম্পাদক, গার্লস গাইড, |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | সিলেট।<br>৩। শহিদ মিনার চত্বরে শৃঙ্খলা রক্ষার জন্য পর্যাপ্ত সংখ্যক স্কাউট/ গার্লস গাউড/ স্বেচ্ছাসেবক নিয়োজিত থাকবে। তাদের কাছে হ্যান্ড স্যানিটাইজার ও মাস্ক সরবরাহ করতে হবে যাতে শহিদ মিনারে আগত জনসাধারণ হ্যান্ড স্যানিটাইজ করে শহিদ মিনারে প্রবেশ করতে পারে এবং কেউ মাস্ক নিয়ে না আসলে তাদেরকে মাস্ক সরবরাহ করতে হবে। | সিলেট জেলা |
| ৬ | কেন্দ্রীয় শহিদ মিনার পরিষ্কার পরিচ্ছন্ন করা | ১। শহিদ মিনার প্রাঙ্গনসহ চৌহাট্টা ও জিন্দাবাজার পয়েন্ট পর্যন্ত রাস্তায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে।<br>২। প্রয়োজন অনুসারে শহিদ মিনার রংকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। শহিদ মিনার প্রাঙ্গন পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে।<br>৪। শহিদ মিনারের সম্মুখের রাস্তায় আলপনা অঙ্কনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিলেট সিটি কর্পোরেশন, সিলেট |
| ৭ | আলোচনা সভা | পুষ্পস্তবক অর্পন ও আলোচনা সভায় সিলেটের একমাত্র জীবিত ভাষা সৈনিক অধ্যাপক মোঃ আবদুল আজিজ, কুমারপাড়া, সিলেট (মোবা: ০১৭১২-১৬৪২২৪)-কে অংশগ্রহণ ও সম্মাননা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট |
| ৮ | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | জেলা শিল্পকলা একাডেমি কর্তৃক স্বাস্থ্যবিধি মেনে সরাসরি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। অনলাইনে (ফেসবুক, ইউটিউব, এসসিএস, সিল টিভি) লাইভ প্রচার করতে হবে। | জেলা শিল্পকলা একাডেমি, সিলেট |
| ৯ | শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে বর্ণমালা দিয়ে সজ্জিতকরণ | সিলেট শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ বাংলা বর্ণমালাসহ স্থানীয় ও অন্যান্য ভাষার বর্ণমালা দিয়ে সজ্জিত করতে হবে। | সিলেট সিটি কর্পোরেশন, সিলেট |
| ১০ | বিশুদ্ধ খাবার পানি সরবরাহ | কেন্দ্রীয় শহিদ মিনারে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করতে হবে। | সিলেট সিটি কর্পোরেশন, সিলেট |
| ১১ | মাইক সরবরাহ | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ এর সকল কর্মসূচিতে অপারেটরসহ মাইক সরবরাহ করতে হবে। | জেলা তথ্য অফিস, সিলেট |
| ১২ | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | কেন্দ্রীয় শহিদ মিনার ও জেলা শিল্পকলা একাডেমিসহ বিভিন্ন অনুষ্ঠানস্থলসমূহে আয়োজিত অনুষ্ঠান চলাকালীন সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করতে হবে । | নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-১, সিলেট |
| ১৩ | অগ্নি নির্বাপক দল প্রস্তুত রাখা | ১। একুশে ফেব্রুয়ারি রাতে ও দিনে শহিদ মিনার ও জেলা প্রশাসকের কার্যালয়ে অগ্নি নির্বাপক দল প্রস্তুত থাকতে হবে।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট-এর সাথে সমন্বয় করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক ধুলাবালি রোধকল্পে শহিদ মিনার এলাকায় পানি ছিটানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট |
| ১৪ | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে গৃহীত কর্মসূচি বহুল প্রচার | ১। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপন উপলক্ষে প্রণীত কর্মসূচিতে সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে দিবসের কর্মসূচিসমূহের বহুল প্রচার করতে হবে। | ১) জেলা তথ্য অফিস, সিলেট<br>২) সভাপতি, সিলেট জেলা প্রেসক্লাব/ সিলেট প্রেসক্লাব/ অনলাইন প্রেসক্লাব/ ইমজা, |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | ২। কেন্দ্রীয় শহিদ মিনার ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণে প্রতিটি সংগঠনের পক্ষ হতে সর্বোচ্চ ৫ জন এবং ব্যক্তিপর্যায়ে একসাথে সর্বোচ্চ ২ জন যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে পুষ্পস্তবক অর্পণের বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে। | সিলেট |
| ১৫ | শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি উদযাপন | যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদ্যাপনের ব্যবস্থা করতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইংলিশ মিডিয়াম স্কুল ও মাদ্রাসাসমূহও যাতে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্যাপন করে সে বিষয়ে তত্ত্বাবধান করতে হবে। যে সকল শিক্ষা-প্রতিষ্ঠানে শহিদ মিনার রয়েছে সেখানে ২০ জন ছাত্রছাত্রী ও শিক্ষকদের উপস্থিতিতে দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণে করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২) জেলা শিক্ষা অফিসার, সিলেট<br>৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট |
| ১৬ | যুব সমাজকে সম্পৃক্ত করে দিবসটি যথাযথ উদ্যাপন | জাতীয় অনুষ্ঠানের সাথে সঙ্গতি রেখে জেলা ও উপজেলা পর্যায়ের যুব সমাজকে সম্পৃক্ত করে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপন করতে হবে। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট |
| ১৭ | সকল উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য অনুষ্ঠান আয়োজন | জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক যে সকল উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী রয়েছে সে সকল উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনগণের জন্য শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে তাদের স্ব স্ব ভাষায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>২) জেলা কালচারাল অফিসার, সিলেট |
| ১৮ | গণগ্রন্থাগারে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা | বিভাগীয় গণগ্রন্থাগারে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | উপপরিচালক, বিভাগীয় গণগ্রন্থাগার, সিলেট |
| ১৯ | সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ | দিবসটির গুরুত্ব ও তাৎপর্য সন্নিবেশিত করে স্থানীয় সংবাদপত্রসমূহ বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করবে। | সভাপতি, সিলেট জেলা প্রেসক্লাব/ সিলেট প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা |
| ২০ | উপজেলাসমূহে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন | জাতীয় কর্মসূচি ও সিলেট জেলায় গৃহীত কর্মসূচির সাথে সমন্বয় রেখে সিলেট সদর উপজেলা ব্যতীত সকল উপজেলা পর্যায়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে স্বাস্থ্যবিধি অনুসরণ করে উদযাপনের জন্য সকলের সহযোগিতা ও সক্রিয় অংশগ্রহণ কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০/২/২০২২

মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৭.২৩.০০৪.২১.৮৪

তারিখঃ ২৭ মাঘ ১৪২৮ / ১০ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৪) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৬) ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট
৭) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
৯) পুলিশ সুপার, সিলেট
১০) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
১১) সিভিল সার্জন, সিলেট
১২) উপ পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
১৩) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
১৪) ..........................................................................................., সিলেট
১৫) সভাপতি/সম্পাদক, ..................................................................., সিলেট
১৬) অধ্যক্ষ, ..............................................................................., সিলেট
১৭) প্রধান শিক্ষক, ......................................................................., সিলেট
১৮) নির্বাহী প্রকৌশলী ..................................................................... (সকল), সিলেট
১৯) উপপরিচালক/সহকারী পরিচালক ..................................................... (সকল), সিলেট
২০) জনাব/মিজ্ ..........................................................................., সিলেট

১০/২/2022

মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট